একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং- ১৮৮০ -বিচার-৩/২এম-১৪/৮৮(অংশ), তারিখঃ ১৯/১১/১৪

বিষয়ঃ- বাংলাদেশ সুপ্রীম কোর্ট আপীল বিভাগের ক্রিমিনাল পিটিশন ফর লিভ টু আপীল নং-২৭৩/২০১৪ এর আদেশের আলোকে আপীল মোকদ্দমাটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত নারী ও শিশু নির্যাতন দমন আইনের অধীনে দায়েরকৃত মামলাগুলি ম্যাজিস্ট্রেট আদালত কর্তৃক বিধিমোতাবেক কার্যক্রম গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সি.আর. মিস-১৮০৩০/২০১৪ এর আদেশের বিরুদ্ধে আপীল বিভাগে ক্রিমিনাল পিটিশন ফর লিভ টু আপীল নং-২৭৩/২০১৪ দায়ের করলে মাননীয় আপীল বিভাগ নিম্নরূপ আদেশ প্রদান করেন ঃ

"................... Operation of the impugned order dated 22.4.2014 passed by the High Court Division in Criminal Miscellaneous Case No.18030 of 2014 save and except the grant of bail to accused respondent Nos.2-5 be stayed till disposal of the appeal." বাংলাদেশ সুপ্রীম কোর্ট আপীল বিভাগের উক্ত আদেশের ফলে হাইকোর্ট বিভাগের আদেশের কার্যকারিতা স্থগিত হয়েছে।

২। এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সি.আর. মিস-১৮০৩০/২০১৪ এর আদেশের পূর্বে যেরূপভাবে নারী ও শিশু নির্যাতন দমন আইনের অধীনে দায়েরকৃত মামলাগুলি ম্যাজিস্ট্রেট আদালত কর্তৃক শুনানী গ্রহণ, আদেশ প্রদানসহ বিধিমোতাবেক অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হতো বাংলাদেশ সুপ্রীম কোর্ট আপীল বিভাগের ক্রিমিনাল পিটিশন ফর লিভ টু আপীল নং-২৭৩/২০১৪ এর আদেশের আলোকে আপীল মোকদ্দমাটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত নারী ও শিশু নির্যাতন দমন আইনের অধীনে দায়েরকৃত মামলাগুলি ম্যাজিস্ট্রেট আদালত কর্তৃক বিধিমোতাবেক সেরূপ কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য অনুরোধ করা হল।

( মোহাম্মদ শাহীন উদ্দিন )
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১।

প্রাপক,

জনাব.................................................

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,

নং- ১৮৮০ -বিচার-৩/২এম-১৪/৮৮(অংশ), তারিখঃ ১৯/১১/১৪

অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

১। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ(সকল)।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, ঢাকা।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,আইন,বিচার ও সংসদ বিঃ মন্ত্রণালয়, সিএজি ভবন,সেগুনবাগিচা,ঢাকা।
৬। আই.টি. সেল, আইন ও বিচার বিভাগ, ঢাকা।

( মোহাম্মদ শাহীন উদ্দিন )
সিনিয়র সহকারী সচিব।